গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ (জিপি-পিপি শাখা)
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি.

নং-১০.০০.০০০০.১৪০.৪৬.০০৪.২২-১৩৫

বিষয়: প্যানেল আইনজীবী নিয়োগের অনাপত্তি প্রদান

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, আইন শাখা- এর ১৭/০৬/২০২৫ তারিখের স্মারক নং-১৫.০০.০০০০.০২৮.১১.০০১.১৮.২১২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রত্যাশী সংস্থা হিসেবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন ১৫টি দপ্তর/সংস্থার-এর স্বার্থসংশ্লিষ্ট মামলাসমূহ যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত শর্তে ১০(দশ) জন বেসরকারি আইনজীবীর সমন্বয়ে প্যানেল গঠন বিষয়ে অনাপত্তি প্রদান করা হলো:

১) প্রত্যাশী সংস্থা কর্তৃক নির্ধারিত মেয়াদের জন্য উপযুক্ত ও যোগ্য ব্যক্তির সমন্বয়ে প্যানেল গঠন করতে হবে;
২) মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত ১৯/০৯/২০০৪ তারিখের মপবি/মসশা/সমবৈ-২৭(৮)/২০০৪/৬০২(২) নং স্মারকসংবলিত সার্কুলারের নির্দেশনা মোতাবেক মামলাটি গুরুত্বপূর্ণ ও জনস্বার্থসংশ্লিষ্ট এবং আবশ্যকীয় বলে বিবেচিত হতে হবে;
৩) গঠিত বেসরকারি আইনজীবীর প্যানেল হতে আইনজীবী নিয়োগ করার ক্ষেত্রে মামলার সুনির্দিষ্ট নম্বর উল্লেখ করে Rules of Business,1996 এর Rule 14(1)(iv)(v) এর ব্যত্যয় না ঘটিয়ে কেইস-টু-কেইস ভিত্তিতে প্রতিবারই এ বিভাগের অনাপত্তি গ্রহণ করতে হবে;
৪) নিযুক্ত আইনজীবীকে মামলা পরিচালনায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তাকে সহায়তা করতে হবে; এবং
৫) গঠিত প্যানেলের নির্ধারিত মেয়াদ অন্তে পুনরায় প্যানেল গঠন করার প্রয়োজনীয়তার ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত উক্ত সার্কুলারের নির্দেশনা প্রতিপালন করতে হবে।

স্বা.
(সানা মোঃ মাহ্রুফ হোসাইন)
উপসলিসিটর(জিপি-পিপি)
ফোন-৫৫১১০৩৮৯

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

তারিখ: ৩০/০৬/২০২৫ খ্রি.

নং-১০.০০.০০০০.১৪০.৪৬.০০৪.২২-১৩৫

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সলিসিটরের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর-এর কার্যালয়,বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। অফিস কপি

৩০/৬/২০২৫
(সানা মোঃ মাহ্রুফ হোসাইন)
উপসলিসিটর (জিপি-পিপি)

/Non-Govt.Advocate-2015